

মুজিববর্ষের কূটনীতি
প্রগতি ও সম্প্রীতি



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
টরন্টো, কানাডা

প্রেস বিজ্ঞপ্তি

টরন্টো, ৮ মার্চ ২০২১

টরন্টোর বাংলাদেশ কনস্যুলেট জেনারেল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ যথাযোগ্য সম্মান ও শ্রদ্ধার সাথে উদযাপন করেছে। বাংলাদেশ হাউসে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হওয়া কর্মসূচির দ্বিতীয় পর্বে কনস্যুলেট জেনারেল জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ, প্রামাণ্য চিত্র ও জাতির পিতার ৭ মার্চের ভাষণ প্রদর্শন এবং সাংস্কৃতিক পরিবেশনার মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়।



কনসাল জেনারেল নাজিম উদ্দিন আহমেদ তার বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ৭ই মার্চের ভাষণের তাৎপর্য তুলে ধরেন। তিনি বলেন ৭ই মার্চের ভাষণে জাতির পিতা সুস্পষ্ট ভাবে বাঙ্গালী জাতিকে গেরিলা যুদ্ধের জন্য প্রস্তুত হবার নির্দেশ দিয়েছিলেন। যা ছিল দেশ স্বাধীনের জন্য পাকিস্তানী দখলদার বাহিনীর বিরুদ্ধে সর্বাভুক লড়াইয়ের চূড়ান্ত ডাক।



কনসাল জেনারেল আরও উল্লেখ করেন যে, জাতির পিতা প্রদত্ত ৭ মার্চের ঐতিহাসিক ভাষণকে বিশ্বের অনন্য সাধারণ ভাষণ হিসাবে বিবেচনা করা হয়। ভাষণটি ইউনেস্কোর Memory of the World International Register-এ অন্তর্ভুক্ত করা হয়েছে। যা বঙ্গবন্ধুকে বিশ্বব্যাপী মুক্তিকামী জনগনের জন্য অনুপ্রেরণা ও মুক্তির প্রতীক হিসেবে প্রতিষ্ঠিত করেছে। কনসাল জেনারেল সকলকে আহ্বান জানিয়ে বলেন যে, ‘আসুন আজ ৭ মার্চের ঐক্যের চেতনায় উদ্বুদ্ধ হয়ে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার প্রচেষ্টায় বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত কে শক্তিশালী করি’।



অনুষ্ঠানের শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের পরলোকগত সদস্য এবং বীর মুক্তিযোদ্ধাদের রুহের মাগফিরাত ও মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশের অব্যাহত উন্নয়ন, সুখ ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।